গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সচিবালয় শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১২২.১১.০০০৪.২৩.২১৫

তারিখ: ৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর প্রস্তাব এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৫-০৭-২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১২৭.৩৩.০০০২.২৫.৬৯ সংখ্যক স্মারকের সম্মতির প্রেক্ষিতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড থেকে প্রদানকৃত অনুদানের হার নিম্নোক্ত হারে পুন:নির্ধারণ করা হলো:

ক্রম	অনুদান খাত	বর্তমান হার (টাকা)	পুন:নির্ধারিত হার (টাকা)
১.	জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান	২,০০,০০০/- (দুই লক্ষ)	৩,০০,০০০/- (তিন লক্ষ)
২.	সাধারণ চিকিৎসা অনুদান	৪০,০০০/- (চল্লিশ হাজার)	৬০,০০০/- (ষাট হাজার)
৩.	দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	নিজ:-৩০,০০০/- (ত্রিশ হাজার) পরিবারের সদস্য:-১০,০০০/- (দশ হাজার)	নিজ: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) পরিবারের সদস্য:-২০,০০০/- (বিশ হাজার)
৪.	যৌথবীমার এককালীন অনুদান	২,০০,০০০/-(দুই লক্ষ)	৩,০০,০০০/-(তিন লক্ষ)
৫.	মাসিক কল্যাণ ভাতা অনুদান	২,০০০/- (দুই হাজার)	৩,০০০/- (তিন হাজার)

০২। শর্তাবলি:

(ক) বরাদ্দকৃত অর্থ ও নিজস্ব Resource Ceiling এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে, এ বাবদ অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;

(খ) প্রাপ্যতা নিশ্চিত হয়ে অনুদান প্রদান করতে হবে; এবং

(গ) এ ব্যয়ে সকল ধরনের আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৯-০৮-২০২৫
মোসাঃ তাসলিমা আলী
উপসচিব
০২৫৫১০১০৮৮
adminsec@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১২২.১১.০০০৪.২৩.২১৫/১(১১)

তারিখ: ৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ